যুগান্তর

তারিখ ... 15 JUL 2009 ...
পৃষ্ঠা ... ২০ কলাম ... ৭ ...

# ছাত্রী নির্যাতন ও প্রতারণার অভিযোগে শাবি শিক্ষক বরখাস্ত

শাবি প্রতিনিধি

ছাত্রী নির্যাতন ও প্রতারণার অভিযোগে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পলিটিক্যাল স্টাডিজ বিভাগের বিএনপিপন্থী শিক্ষক কামরুজ্জামান বিপ্লবকে আজীবনের জন্য বরখাস্ত করা হয়েছে। ছাত্রী নির্যাতন ও প্রতারণার অভিযোগে গঠিত তদন্ত কমিটির সুপারিশের ভিত্তিতে মঙ্গলবার ১৪৬তম সিন্ডিকেট সভায় সর্বসম্মতিক্রমে ওই শিক্ষককে বরখাস্ত করা হয়। ভিসি প্রফেসর ড. সালেহ উদ্দিনের সভাপতিত্বে

বরখাস্ত : পৃষ্ঠা ১৩ কলাম ৩

## বরখাস্ত [illegible] শিক্ষক

(শেষ পৃষ্ঠার পর)

সিন্ডিকেট সভায় উপস্থিত ছিলেন রেজিস্ট্রার ইশফাকুল হোসেন, কোষাধ্যক্ষ প্রফেসর শামসুল হুদা, অ্যাপায়েড প্রফেসর ড. আখতারুল ইসলাম, ছাত্রী হল প্রভোস্ট সৈয়দ হাসানুজ্জামান শ্যামল।

জানা গেছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুহসিন হলের সাবেক ছাত্রদল নেতা ও শাবি শিক্ষক কামরুজ্জামান বিপ্লব সম্প্রতি আগের দুই বিয়ের কথা গোপন রেখে তার বিভাগের ৪র্থ বর্ষ ১ম সেমিস্টারের এক ছাত্রীকে পরীক্ষায় ভালো নম্বর পাইয়ে দেয়ার লোভ দেখিয়ে প্রেমের সম্পর্ক গড়ে তোলে। ছাত্রীটি বিয়ের জন্য চাপ দিলে বিপ্লব টালবাহানা শুরু করে। এর আগে শাবিতে যোগদানের সময় বিপ্লব নিজেকে অবিবাহিত উল্লেখ করলেও ময়মনসিংহ মেডিকেল কলেজের ছাত্রী রাফিয়ান ও ২৭তম বিসিএস ক্যাডার হেনা নামের দুই মেয়েকে বিয়ে করার অভিযোগ ওঠে তার বিরুদ্ধে। শাবির ওই ছাত্রী শিক্ষক বিপ্লবের বিরুদ্ধে প্রেমের নামে প্রতারণা ও নির্যাতনের অভিযোগ তুলে ভিসির কাছে লিখিত চিঠি দেয়। এ অভিযোগের পরিপ্রেক্ষিতে পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. হাবিবুল আহসানকে আহবায়ক করে ৩ সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটির রিপোর্টের ভিত্তিতে মঙ্গলবার সিন্ডিকেট সভায় শিক্ষক কামরুজ্জামানকে আজীবনের জন্য বরখাস্ত করা হয়েছে।